361

দৈনিক ইনকিলাব

তারিখ MAR 3 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

## মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রী শিক্ষা সচিব ও অন্যান্য সংশ্লিষ্ট বিজ্ঞমহলের কাছে আমাদের জিজ্ঞাসা

বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় কলেজ হতে যে কোন বিষয়ে অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অর্জন করে সরকারী অথবা বেসরকারী কলেজে প্রভাষক হিসাবে সরকার প্রদত্ত ৪৩০০ টাকা স্কেলে বেতন পায়। একজন সাধারণ বিএ/ বিএসসি/ বিকম+ বিএড ডিগ্রীধারী লোকের সেখানে দরখাস্ত করার যোগ্যতাই হয় না। অথচ বাংলাদেশের যে কোন মাধ্যমিক স্কুলে যদি ঐ একই অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী ব্যক্তি শিক্ষক হিসাবে নিয়োগপ্রাপ্ত হন তবে বেতন পান মাত্র ২৫৫০ টাকা স্কেলে। কিন্তু বিএডসহ সাধারণ বিএ পাস শিক্ষক বেতন পান ৩৪০০ টাকা স্কেলে। এই বৈষম্য কি এটাই প্রমাণ করে না যে; সাধারণ বিএ+বিএড-এর চেয়ে দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ মাস্টার্স ডিগ্রীর মূল্য কম?

প্রসঙ্গক্রমে আরো উল্লেখ করা যায় যে, মাধ্যমিক পর্যায়ে সরকারী স্কুলসমূহের ক্ষেত্রে শিক্ষক নিয়োগের যোগ্যতা চাওয়া হয় বিএ+বিএড অথবা মাস্টার্স। এই ক্ষেত্রে বিএডকে নরমাল মাস্টার্স-এর সমমূল্য প্রদান করা হয়। অথচ বেসরকারী স্কুলসমূহের ক্ষেত্রে নরমাল মাস্টার্স তো দূরের কথা অনার্সসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীকেও হার মানতে হয় নরমাল বিএ+বিএড ডিগ্রীর কাছে। এটা কেমন বৈষম্য মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব ও সংশ্লিষ্ট বিজ্ঞমহল, জবাব দেবেন কি?

—মোঃ আবুল কালাম আজাদ
বিকম (অনার্স), এমকম,
মোঃ রফিকুল ইসলাম বিএসসি (অনার্স), এমএসসি,
মোঃ ফাইজুল ইসলাম বিএসসি (অনার্স) এমএসসি,
মোঃ বশির সিকদার বিএ (অনার্স) এমএ,
মোঃ মোস্তাফিজুর রহমান বিএ (অনার্স) এমএ,
সহকারী শিক্ষক, কালাচাঁদপুর উচ্চ বিদ্যালয়,
গুলশান, ঢাকা-১২১২।